



### প্রবন্ধ আহ্বান

ফোকলোর গবেষণা পত্রিকা

ভলিউম ০২, ডিসেম্বর ২০২১

লেখা জমাদানের শেষ তারিখ: ৩০ অক্টোবর ২০২১

### জার্নাল-পরিচয়

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় ফোকলোর বিভাগের উদ্যোগে পিয়ার-রিভিউ আন্তর্জাতিক ফোকলোর গবেষণা পত্রিকা বাৎসরিক একটি করে সংখ্যা প্রকাশ করছে। ফোকলোর গবেষণা পত্রিকা দেশ-বিদেশের অধ্যাপক, গবেষক ও শিক্ষার্থীদের নিকট থেকে বাংলা অথবা ইংরেজি ভাষায় এথনোগ্রাফিক অথবা বিশ্লেষণাত্মক দৃষ্টিভঙ্গিতে লেখা- তর্ক-প্রতর্ক, তত্ত্বীয়, ক্ষেত্রসমীক্ষা নির্ভর ফোকলোর বিষয়ক মৌলিক গবেষণা প্রবন্ধ আহ্বান করছে- যা অন্য কোনো গবেষণা পত্রিকায় প্রেরিত, মনোনীত ও প্রকাশিত হয়নি।

### লেখক নির্দেশনা

সম্পাদকের নিকট প্রেরিত প্রবন্ধ বিশেষজ্ঞ মূল্যায়নকারী কর্তৃক মনোনীত হওয়ার পরে এই পত্রিকায় প্রকাশিত হয়। পত্রিকায় প্রকাশের জন্য প্রবন্ধ কম্পিউটার কম্পোজ করে সম্পাদক বরাবর সরাসরি, ডাকযোগে অথবা ইমেলে প্রেরণ করা যাবে। বাংলার ক্ষেত্রে সুতর্ন্বীএমজে ১৪ ফন্ট, লাইন স্পেস ১; ইংরেজির ক্ষেত্রে টাইমস নিউ-রোমান ১২ ফন্ট, লাইন স্পেস ২ রেখে দুই দিকে সমতা (Justified) রক্ষা করে পাঠাতে হবে। প্রেরিত প্রবন্ধের প্রথম পৃষ্ঠায় প্রবন্ধের শিরোনাম, লেখকের নাম, প্রাতিষ্ঠানিক পরিচিতি/ পদবিসহ ফোন নম্বর এবং ইমেল ঠিকানা থাকতে হবে। শিরোনামসহ মূল প্রবন্ধ শুরু হবে দ্বিতীয় পৃষ্ঠা থেকে, প্রবন্ধের সার-সংক্ষেপ থাকবে ২০০ শব্দের মধ্যে এবং মূল-শব্দ (Key-word) উল্লেখ করতে হবে। প্রবন্ধের শব্দ সংখ্যা ৭০০০ এর অধিক হবে না। দ্বিতীয় পৃষ্ঠায় লেখক/ লেককগণের কোনো নাম উল্লেখ থাকবে না। ভাষারীতি চলিত মান বাংলায় এবং বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের নিয়ম অনুসরণ বাঞ্ছনীয়। তবে উদ্ধৃতির ক্ষেত্রে মূল বানানের পরিবর্তন হবে না। মূল পাঠে সারণি (Table) ও চিত্রাদি থাকলে সে-সবের পর্যায়ক্রমিক সংখ্যা ১, ২, ৩ ইত্যাদি প্রদান করতে হবে এবং প্রত্যেক চিত্রের একটি যথাযথ আখ্যাও (Caption) দিতে হবে। অঙ্কন, ছবির ক্ষেত্রে ভালো রেজুলেশনসহ প্রেরণ করতে হবে। ক্ষেত্রসমীক্ষার ক্ষেত্রে পূর্ণাঙ্গ তথ্যাদি উল্লেখ করতে হবে। প্রবন্ধের তথ্যসূত্রের ক্ষেত্রে এমএলএ (৮ম) রীতি যথাযথভাবে অনুসরণ করতে হবে। প্রয়োজনে পাদটীকা (Foot Note) ব্যবহার করা যাবে।

### লেখা পাঠানোর ঠিকানা

মো. বাকীবিলাহ, সম্পাদক, ফোকলোর গবেষণা পত্রিকা এবং বিভাগীয় প্রধান, ফোকলোর বিভাগ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল-২২২৪, ময়মনসিংহ, বাংলাদেশ।

ইমেলে পাঠানোর ঠিকানা (দুই মেইল ঠিকানায় পাঠাতে হবে):

[bakebillah.du14@gmail.com](mailto:bakebillah.du14@gmail.com) এবং [folklorejkkniu@gmail.com](mailto:folklorejkkniu@gmail.com)।